আলমডাঙ্গার বামানগরে নারীর ঝুলন্ত লাশ উদ্ধার, ময়নাতদন্ত আজ

আলমডাঙ্গা উপজেলায় ঘরের আড়ার সঙ্গে গলায় ফাঁস দিয়ে ঝুলন্ত অবস্থায় এক মানসিক নারীর লাশ উদ্ধার করেছে পুলিশ।

গতকাল শনিবার দুপুর ২ টার দিকে উপজেলার হারদি ইউনিয়নের বামানগর এলাকা থেকে লাশটি উদ্ধার করা হয়। নিহত নারীর নাম রেবেকা খাতুন (৩৩)। তার বাবার বাড়ি উপজেলার কুমারী ইউনিয়নের হাড়গাড়ি এলাকায়। লাশ উদ্ধার করে পুলিশ হেফাজতে নেওয়া নিয়েছে। আজ রবিবার মরদেহ উদ্ধার ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হবে।

পুলিশ জানায়, গতকাল শনিবার দুপুরে রেবেকা খাতুনের ঘরের দরজা বন্ধ পায় বাড়ির লোকজন। অনেক ডাকাডাকির পরও কোনো সাড়াশব্দ না পেয়ে দরজা ভেঙে ঘরের প্রবেশ করে তাকে ঘরের আড়ার সঙ্গে গলায় ওড়না পেঁচানো অবস্থায় ঝুলতে দেখা যায়। এরপর তারা লাশটি নিচে নামিয়ে থানায় খবর দেয়। বিষয়টি নিয়ে সন্দেহ হলে পুলিশ গিয়ে লাশটি থানায় নিয়ে আসে।

স্থানীয়রা জানান, রেবেকার স্বামী সে একজন রাজমিস্ত্রি কাজ করেন। দীর্ঘদিন রেবেকা খাতুন মানসিক রোগে ভুগছিল। শনিবার দুপুরে পরিবারের লোকজনের অনুপস্থিতিতে সে গলায় ফাস লাগিয়ে আত্নহত্যার করেন।

এ বিষয়ে আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, শনিবার সন্ধ্যায় লাশটি ময়নাতদন্তের জন্য পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে। আজ রবিবার সকালে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হবে।